# "কোভিড-১৯ পরিস্থিতিতে ঋণ কার্যক্রম পরিচালনা" শীর্ষক অনলাইন প্রশিক্ষণ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন



বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯)- প্রাদুর্ভাবে সমগ্র দেশের মতো পিকেএসএফ-এর সহযোগী সংস্থাসমূহের মাঠ পর্যায়ে সংগঠিত সদস্যদের অর্থনৈতিক কর্মকাণ্ডসমূহও বিরূপ প্রভাব পড়েছে। পিকেএসএফ সহযোগী সংস্থাসমূহে বিরাজমান এই পরিস্থিতিতে সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে ঋণ কার্যক্রম পরিচালনার বিষয়ে ইতোমধ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনাসমূহের আলোকে সহযোগী সংস্থাসমূহের কর্মকর্তাগণ কর্তৃক সার্বিক পরিস্থিতি বিবেচনা করে সুষ্ঠুভাবে ঋণ কার্যক্রম জোরদারকরণে ***"কোভিড-১৯ পরিস্থিতিতে ঋণদান কার্যক্রম পরিচালনা"*** শীর্ষক স্বল্পমেয়াদি অনলাইনভিত্তিক একটি প্রশিক্ষণ কোর্স নক্‌শায়ন করা হয়েছে। **"কোভিড-১৯ পরিস্থিতিতে ঋণ কার্যক্রম পরিচালনা"** শীর্ষক অনলাইন প্রশিক্ষণ হলো পিকেএসএফ প্রশিক্ষণ শাখা কর্তৃক একটি সময়োপযোগী উদ্যোগ।

**কোর্সের মূল ফোকাস:** বিরাজমান কোভিড-১৯ পরিস্থিতিতে পিকেএসএফ কর্তৃক নির্দেশিত গাইডলাইনসমূহ অনুসারে ঋণ কার্যক্রম পরিচালনার বিষয়ে সহযোগী সংস্থাসমূহের কর্মকর্তাদের বিদ্যমান পরিস্থিতি দক্ষতার সাথে মোকাবেলা করার সক্ষমতা বৃদ্ধি করা।

**অংশগ্রহণকারী:** সহযোগী সংস্থাসমূহের উচ্চ ও মধ্যম পর্যায়ের কর্মকর্তাগণ (প্রতিব্যাচে ২০ জন)
**প্রশিক্ষণের মেয়াদকাল:** ৪ দিন (প্রতিদিন প্রশিক্ষণ কর্মঘণ্টা ১১০ মিনিট)
**প্রশিক্ষণ সময়কাল:** ০২:৩০-০৪:২০ ঘটিকা পর্যন্ত

**কোর্স বাস্তবায়ন প্রক্রিয়া:** প্রতিদিন ১১০ মিনিট করে ৪ দিনে মোট ৪টি সেশন। ১১০ মিনিটব্যাপী সেশনের মধ্যে ৯০ মিনিট সেশন পরিচালনা সময়কাল, ২০ মিনিট সেশন রিভিউ, প্রশ্নোত্তর ও শিক্ষার্থীর অনুভূতি প্রকাশ পর্ব পরিচালনা। উল্লেখ্য যে, কোর্সের প্রথম দিন প্রশিক্ষণ উদ্বোধন ও প্রশিক্ষণ প্রত্যাশা ব্যক্তকরণে অতিরিক্ত ১৫ মিনিট এবং প্রতিটি কোর্সের সমাপনান্তে প্রশিক্ষণার্থীদের অনুভূতি ব্যক্তকরণে অতিরিক্ত ১৫ মিনিট নির্ধারিত থাকবে। কোর্সের মূল বিষয়বস্তুসমূহ সেশনভিত্তিক নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো।

| | |
|---|---|
| **সেশন-০১** | **'কোভিড-১৯' প্রটোকল**<br>*(সহযোগী সংস্থার সার্বিক কার্যক্রম পরিচালানার লক্ষ্যে পিকেএসএফ প্রণীত গাইডলাইন সম্পর্কে ধারণা প্রদান)* |
| **সেশন-০২** | **'কোভিড-১৯' পরিস্থিতিতে সহযোগী সংস্থাসমূহের ঋণ কার্যক্রম তদারকি ও পরিবীক্ষণ কৌশল** |
| **সেশন-০৩** | **'কোভিড-১৯' পরিস্থিতিতে 'এমআরএ' ও পিকেএসএফ-এর নির্দেশনার আলোকে আদায়যোগ্য পরিমাণ নির্ধারণ ও বকেয়া প্রদর্শন** |
| **সেশন-০৪** | **করোনা ভাইরাস প্রাদুর্ভাব: কর্মীদের মানসিক চাপ নিয়ন্ত্রণ ও সদস্য উদ্বুদ্ধকরণ কৌশল** |

| সেশন-১ এর উপ-বিষয় | সেশন-২ এর উপ-বিষয় | সেশন-৩ এর উপ-বিষয় | সেশন-৪ এর উপ-বিষয় |
|---|---|---|---|
| ▪ ‘কোভিড-১৯’ সম্পর্কে প্রাথমিক ধারণা;<br>▪ অফিস পরিচালনা বিষয়ক গাইডলাইন;<br>▪ সমিতির সভা পরিচালনা বিষয়ক গাইডলাইন;<br>▪ সদস্যদের অফিসে গমনাগমন বিষয়ক গাইডলাইন। | ▪ ‘কোভিড-১৯’ পরিস্থিতিতে অর্থনৈতিক কর্মকাণ্ড সচল রাখার লক্ষ্যে তহবিল প্রবাহ চলমান রাখার বিষয়ে প্রাথমিক আলোচনা;<br>▪ ঋণ বিতরণ প্রক্রিয়ার বিভিন্ন ধাপে সম্ভাব্য ঝুঁকি চিহ্নিত করণ; (সমিতি থেকে অফিস পর্যায়ে);<br>▪ ‘কোভিড-১৯’ পরিস্থিতিতে ঋণগ্রহিতা ও প্রকল্প নির্বাচনের বিবেচ্য বিষয় সম্পর্কে আলোচনা। | ▪ বকেয়া ও বকেয়া শ্রেণীকরণ সম্পর্কে ধারণা প্রদান;<br>▪ ‘এমআরএ’র সার্কুলার মোতাবেক আদায়যোগ্য ও বকেয়া প্রদর্শন। | ▪ ঋণ কার্যক্রম কর্মীদের মানসিক চাপ কি এবং কেন;<br>▪ মানসিক চাপ নিয়ন্ত্রণ টিপস। |
| ▪ জনসচেতনতা বৃদ্ধি বিষয়ক গাইডলাইন;<br>▪ ‘কোভিড-১৯’ প্রটোকল পরিপালনে সামাজিক দূরত্ব ও ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক গাইডলাইন;<br>▪ কৃষি পণ্য (শস্য, সবজি, ফল ইত্যাদি) উৎপাদন ও সরবরাহ চেইন চলমান রাখা বিষয়ক গাইডলাইন;<br>▪ প্রাণী পালন, প্রাণীজ পণ্য উৎপাদন ও সরবরাহ চেইন চলমান রাখা বিষয়ক গাইডলাইন। | ▪ ঋণগ্রহিতার সক্ষমতা যাচাই: ১ম দফা ঋণের ক্ষেত্রে- Goodwill, Debt to Income ratio & Cash-Flow analysis;<br>▪ ২য় দফা হতে পরবর্তী ঋণের ক্ষেত্রে- Goodwill, Debt to Income ratio, Cash-Flow & Past performance analysis;<br>▪ ঋণ আবেদন ও প্রয়োজনীয় নথিপত্র যাচাই, ঋণ অনুমোদন, চুক্তিপত্র সম্পাদন সম্পর্কে আলোচনা। | ▪ ‘এমআরএ’র সার্কুলার মোতাবেক বকেয়ার শ্রেণীকরণ ও এলএলপি প্রভিশন;<br>▪ পিকেএসএফ-এর নির্দেশনার আলোকে আদায়যোগ্য পরিমাণ নির্ধারণ ও বকেয়া প্রর্দশন। | ▪ মানসিক চাপ নিয়ন্ত্রণ: কর্মী, সংস্থা ও পরিবারের ত্রিমাত্রিক উপকারিতা;<br>▪ কোভিড-১৯ প্রাদুর্ভাবে সদস্য উদ্বুদ্ধকরণ কৌশল: কি এবং কেন। |
| ▪ মৎস্য ও মৎস্য পণ্য উৎপাদন ও সরবরাহ চেইন চলমান রাখা বিষয়ক গাইডলাইন;<br>▪ মৎস্য হ্যাচারী পরিচালনা বিষয়ক গাইডলাইন;<br>▪ বিভিন্ন কারখানা (প্রক্রিয়াজাতকরণ, মিনি গার্মেন্টস, জুয়েলারী, বেকারী ও জুতার কারখানা) পরিচালনা বিষয়ক গাইডলাইন;<br>▪ কোভিড-১৯’ প্রটোকল পরিপালনপূর্বক যানবাহন ব্যবহার ও পণ্য পরিবহণ বিষয়ক গাইডলাইন। | ▪ ‘কোভিড-১৯’ পরিস্থিতিতে ঋণ বিতরণ ও আদায়ে বিশেষ কৌশল;<br>▪ ‘কোভিড-১৯’ পরিস্থিতিতে ঋণ বিতরণ ও আদায়ের ক্ষেত্রে সম্ভাব্য বিভিন্ন অনিয়ম ও তা চিহ্নিতকরণ কৌশল;<br>▪ ঋণ বিতরণ ও আদায়ের ক্ষেত্রে বিভিন্ন স্তরের কর্মকর্তাদের মনিটরিং কৌশল সম্পর্কে আলোচনা। | ▪ মাসিক প্রতিবেদনের PO-MIS-2 I PO-MIS-3 প্রণয়ন;<br>▪ বকেয়া আদায় কৌশল ও বিভিন্ন স্তরের কর্মকর্তাদের ভূমিকা। | ▪ কোভিডকালীন সদস্য উদ্বুদ্ধকরণে বিশেষ টিপস;<br>▪ মানসিক অবস্থা পরিবর্তন স্যাইমুলেশান। |

**পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)**, পিকেএসএফ ভবন, ই-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ।
ফোন: +৮৮০-২-৮৮১৮১৬৫৮-৬১, ৮১৮১৬৬৪-৬৯, ফ্যাক্স:+৮৮০-২-৮১৮১৬৭৮
ই-মেইল: pksf@pksf-bd.org, ওয়েবসাইট: www.pksf-bd.org, ফেসবুক: www.facebook.com/pksf.org